



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/প্রশা/১৩৭/২০১৯/৪৬৭

তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ

১৮ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়:- স্কুল, কলেজ ও মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের সামনে ও ক্যাম্পাসের মধ্যে যে কোন ধরনের বিড়ি-সিগারেট, পান ও তামাকজাত দ্রব্য ক্রয়-বিক্রয় ও সেবন বন্ধ প্রসঙ্গে।

সূত্র: নং- বিসিসি/জন/নথি/৯৮-১৯, তারিখ: ৩০ জানুয়ারি ২০১৭ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রন) আইন, ২০০৫ (সংশোধিত ২০১৩) এবং বিধিমালা ২০১৫ অনুযায়ী পাবলিক প্রেসে ধূমপান আইনত দণ্ডনীয় অপরাধ। এই আইনে ধারা ৪(ক) অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানগুলো পাবলিক প্রেসের অন্তর্ভুক্ত। উল্লেখিত আইনের কঠোর বাস্তবায়নে বরিশাল নগরীর স্কুল, কলেজ ও মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের সামনে ও ক্যাম্পাসের মধ্যে যে কোন ধরনের বিড়ি-সিগারেট, পান ও তামাকজাত দ্রব্য ক্রয়-বিক্রয় ও সেবন বন্ধ করণে মাননীয় মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ নির্দেশনা প্রদান করেছেন। উল্লেখিত আইন ও নির্দেশনা লঙ্ঘিত হলে সংশ্লিষ্ট ব্যবসায়ীদের ট্রেড লাইসেন্স বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর আওতাধীন প্রতিষ্ঠান প্রধানদের এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধ্যাপক বিপ্লব কুমার ভট্টাচার্য (৬৯১৯)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন: ০৪৩১-৬৪৪১৭

প্রতিষ্ঠান প্রধান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশালের আওতাধীন স্কুল ও কলেজ।

অবগতি ও কার্যার্থে বিতরণ:

- ০১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০২। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৩। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
(বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। সেকশন অফিসার, কাউন্সিল শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৭। সেকশন অফিসার, প্রশাসন শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৮। নোটিশ বোর্ড।
- ০৯। সংরক্ষণ নথি।